গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/১৮৮৭ তারিখ ঃ ২৪.০৮.২০২০

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত আগস্ট-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে আগস্ট-২০২০ (১ম পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

২৪/০৮/২০
(আকতার হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ঃ ৮৩০০৬৪০ ।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

# আগস্ট-২০২০ (১ম পক্ষ)

## ● জনমত শিরোনাম

—যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫-তম শাহাদত  বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

— বঙ্গমাতার ৯০ তম জন্মবার্ষিকী উপলক্ষে দেশব্যাপী আলোচনা সভাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন

— করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে

— বন্যা কবলিত এলাকায় ত্রাণ সামগ্রী পৌঁছানোর ওপর গুরুত্বারোপ করেছে জনসাধারণ

— নিত্যপণ্যের বাজার স্থিতিশীল । বাজারের স্থিতিশীলতা বজায় রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার দাবি সাধারণ জনগণের

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

## যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫-তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

- সারাদেশে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ১৫ আগস্ট, ২০২০ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, প্রামাণ্যচিত্র প্রদর্শন, পোস্টার, ব্যানার ও ডিসপ্লে বোর্ড প্রদর্শন, আলোচনাসভা, মিলাদ ও দোয়া মাহফিলসহ সর্বস্তরের জনগণের অংশগ্রহণে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

- এদিকে, সপরিবারে জাতির পিতার হত্যাকান্ডের সাথে জড়িত দন্ডপ্রাপ্ত পলাতক খুনিদের অবিলম্বে দেশে ফিরিয়ে এনে বিচারের রায় কার্যকর করা ও মানবতাবিরোধী অপরাধীদের সর্বোচ্চ শাস্তি প্রদানের জোরালো দাবির মধ্য দিয়ে ইতিহাসের কলঙ্কিত অধ্যায়ের দায় থেকে জাতিকে মুক্ত করার প্রত্যয় ব্যক্ত করেছে দেশপ্রেমিক জনসাধারণ। পাশাপাশি, শোককে শক্তিতে পরিণত ক'রে জাতির পিতার অসমাপ্ত কাজ সম্পাদন ও তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেছে সর্বস্তরের জনগণ।

## বঙ্গমাতার ৯০ তম জন্মবার্ষিকী উপলক্ষে দেশব্যাপী আলোচনা সভাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন

- গত ৮ আগস্ট ২০২০ উদ্‌যাপিত হয়েছে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা এর ৯০ তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে সারাদেশে পোস্টার প্রদর্শন, প্রামাণ্যচিত্র প্রদর্শন, আলোচনা সভাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হয়। বাঙালির সংগ্রাম ও সফলতায় বঙ্গমাতার অবদান চিরস্মরণীয়। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা নিবেদিতভাবে নীরবে নিভৃতে বাঙালি জাতিকে সুসংগঠিত করে বাঙালির স্বাধিকার আন্দোলন, স্বাধীনতার সংগ্রাম এগিয়ে নিয়েছিলেন। তাঁর এই অসীম অবদান সমাজ, সভ্যতা ও নারী অগ্রগতির স্বার্থে গভীরভাবে মূল্যায়ন করা প্রয়োজন বলে মনে করেন সুধীসমাজ।

চলমান পাতা-৩

## করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে।

- করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সরকারের যথোচিত পদক্ষেপ এবং ব্যাপক প্রচারের কারণে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক হ্রাস পেয়েছে এবং স্বাস্থ্যবিধি মেনে চলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। জনসাধারণ সামাজিক দূরত্ব বজায় রাখছে এবং ঘরের বাহিরে মাস্ক পরিধান করে তাদের দৈনন্দিন কাজকর্ম সম্পন্ন করছে। ধীরে ধীরে জনজীবন স্বাভাবিক হয়ে যাচ্ছে। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিভাগ, স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনী এবং তথ্য অফিসসমূহ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## বন্যা কবলিত এলাকায় ত্রাণ সামগ্রী পৌঁছানোর ওপর গুরুত্বারোপ করেছে জনসাধারণ

- অতিবৃষ্টি, পাহাড়ী ঢল ও উজান থেকে নেমে আসা পানির তোড়ে দেশের বিভিন্ন অঞ্চল বন্যা প্লাবিত হয়েছে বলে জনমতে জানা গেছে। দেশের বিভিন্ন জেলায় বন্যার ফলে লক্ষ্যাধিক পরিবার পানিবন্দী হয়ে পড়েছে। এছাড়া, বন্যায় উঠতি ফসল, বীজতলা ও সবজিক্ষেতের ক্ষতি হয়েছে বলে জনমতে প্রকাশ। উপদ্রুত এলাকায় পানিবন্দী মানুষের জন্য পর্যাপ্ত শুকনো খাবার, স্যালাইন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেটসহ ত্রাণসামগ্রী সরবরাহ করা প্রয়োজন বলে স্থানীয় জনগণ মতামত ব্যক্ত করেছে। পাশাপাশি প্লাবিত এলাকায় গবাদি পশুর খাবার এবং ভ্যাকসিন সরবরাহ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে স্থানীয় সচেতনমহল।

## নিত্যপণ্যের বাজার স্থিতিশীল। বাজারের স্থিতিশীলতা বজায় রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার দাবি সাধারণ জনগণের

- নিত্য প্রয়োজনীয় দ্রব্য যেমন- চাল, ডাল, পিঁয়াজ, আদা, ভোজ্যতেল, চিনি ও গরম মসলাসহ বিভিন্ন ধরনের জিনিসপত্রের মূল্য স্থির রয়েছে। বাজারে ইলিশের সরবরাহ বৃদ্ধি পেয়েছে এবং মূল্যও কমেছে। তবে শাক-সবজি, কাঁচামরিচ, ডিম, মাছ, মাংসের দামে ঊর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে। জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য সীমাবদ্ধ রাখার জন্য সাধারণ জনগণ অনুরোধ জানিয়েছে।

চলমান পাতা-৪

## ❐ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

- দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। সীমান্ত সংলগ্ন জেলাসহ দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মাদক ও সন্ত্রাসবিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেছে স্থানীয়মহল। এছাড়া, খাদ্য সামগ্রীতে ভেজাল মিশ্রণ এবং মেয়াদোত্তীর্ণ ওষুধ বাজারজাতকরণ প্রতিরোধে প্রশাসনের কঠোর পদক্ষেপ অব্যাহত রাখার দাবি জানিয়েছে সর্বসাধারণ।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/ প্রতিমা

Shukla
শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার